

মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম বিভাগ, বাণিজ্য এবং শ্রম বিষয়ক দফতর

# বেটার ওয়ার্ক জর্ডান প্রোগ্রাম'এর (BWJ) অন্তর্বর্তীকালীন মূল্যায়ন

**কার্য-সম্পাদনের সময়কালঃ**
জুলাই 2017 – জুন 2022

**অর্থায়নঃ**
$6.2 মিলিয়ন

**বাস্তবায়নকারীঃ**
আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO)

## প্রাপ্ত গুরুত্বপূর্ণ তথ্যসমূহ

### সামঞ্জস্যতাঃ

সম্পৃক্ত স্টেকহোল্ডার, বা অংশীদারদের মধ্যকার আস্থাগত সম্পর্কটিকে পোক্ত করে গড়ে তুলবার জন্য BWJ সাহায্য করেছে

### কার্যকারিতাঃ

কার্যক্রমটি, এপ্রিল 2020'এর মধ্যেই এর লক্ষ্যমাত্রার অধিকাংশই পূরণ করেছে বা ছাড়িয়ে গেছে।

### দক্ষতাঃ

কার্যক্রমটিতে সীমিত সংখ্যক কর্মী আছে যাদেরকে একটি বিস্তৃত পরিসরের কার্যকলাপ এবং স্টেকহোল্ডার বা অংশীদারীদেরকে দেখা-শুনা করতে হয়।

### সামগ্রিক প্রভাব:

- শ্রম পরিদর্শক সহ স্টেকহোল্ডার তথা লাভ-ক্ষতির অংশীদারদের সক্ষমতাটিকে গড়ে তোলার জন্য BWJ সাহায্য করেছিল।
- স্টেকহোল্ডার তথা লাভ-ক্ষতির অংশীদারগণের মানসিকতা ও কার্য-পদ্ধতিগুলির ক্ষেত্রে একটি পরিবর্তনের বিষয় জ্ঞাত করানো হয়, যা অনেক বেশি কর্মী-কল্যানমুখী।
- প্রতিবেদনে জানানো হয় যে, মেনে চলার সুবিধা হিসাবে অভিযোগের সংখ্যা, শ্রমের সাথে সম্পর্কযুক্ত জখম এবং বিরোধগুলি হ্রাস পেয়েছে।
- কারখানাগুলি শ্রমিকদের জীবনযাত্রার অবস্থার উন্নতি করেছে যেমন, খাবারের মান, থাকার জায়গার মান, বিনোদন ব্যবস্থা, এবং স্বাস্থ ও নিরাপত্তা ব্যবস্থা।

## প্রান্তিক জনগোষ্ঠী উপর প্রভাবঃ

### অভিবাসীত শ্রমিকগনঃ

- BWJ অভিবাসী শ্রমিকদের মুখোমুখি হওয়া চ্যালেঞ্জগুলি মোকাবেলায় উল্লেখযোগ্যভাবে মনোনিবেশ করেছে।
- প্রকল্পটি কিছু কর্মসূচি তৈরি করেছে, বিশেষ করে সেগুলি ছিল প্রবাসী শ্রমিকদের মানসিক স্বাস্থের প্রয়োজনীয়তার সমস্যগুলি সমাধানের জন্য।
- BWJ বা বি ডব্লিউ জে - অভিবাসী শ্রমিকদের সাথে যোগাযোগ করতে এবং মিথস্ক্রিয়া করতে ট্রেড ইউনিয়নগুলিকে সক্ষম করে তুলেছে।
- সম্মিলিত দরকষাকষির 2019 চুক্তিটি (সিবিএ) দ্বারা জর্ডানী, এবং অভিবাসী উভয়ের চুক্তিগুলিকে একত্রিত করেছিল, এর দ্বারা নিয়োগ ফি অপসারণ করা হয়েছিল এবং অভিবাসী শ্রমিকদের বেতন এবং আবাসন ভাতা বৃদ্ধি করা হয়েছিল।

### নারী শ্রমিক

- বি.ডব্লিউ.জে নারী-পুরুষের জন্য একটি কৌশল তৈরি করেছে যা কারখানা এবং নীতির স্তর উভয় ক্ষেত্রেই নারী-পুরুষ সংক্রান্ত বিষয়গুলিকে সংহত করে।
- BWJ বা বি.ডব্লিউ.জে যৌন হয়রানির বিষয়টি টেবিলে নিয়ে এসেছিল এবং তা সবচেয়ে সাম্প্রতিক সি.বি.এ'তে অন্তর্ভুক্ত করা হয়েছিল।
- BWJ বা বি.ডব্লিউ.জে ডে-কেয়ার সেন্টারের বিষয়ে, নারী শ্রমিকদের অধিকার রক্ষায় এবং পোশাক খাতে তাদের অংশগ্রহণ অব্যাহত রাখার বিষয়ে জর্ডানের শ্রম আইনকে শক্তিশালী করতে সাহায্য করেছে।
- প্রকল্পটির প্রচেষ্টার ফলে মহিলা তত্ত্বাবধায়কদের সংখ্যা বৃদ্ধি পায়, এর পাশাপাশি কমিটিগুলিতে নারী কর্মীদের প্রতিনিধিত্বকেও উৎসাহিত করা হয়।

## অর্জন সমূহ এবং স্থায়িত্ব

### প্রকল্পটির অর্জন করার মত দীর্ঘ-মেয়াদী ফলাফল (LTO)

| | নিম্ন | মধ্যম | উচ্চ মধ্যম | উচ্চ |
|---|---|---|---|---|
| **ফলাফল 1:** 2022 সালের মধ্যে, বেটার ওয়ার্ক জর্ডানের মূল পরিসেবা প্রদান করা প্রসারিত করা হবে, এবং অনুকূলিত করা হবে। | | | | **উচ্চ** |
| **ফলাফল 2:** 2022 সালের মধ্যে, জাতীয় পর্যায়ে, ILO, IFC & WBG জাতীয় প্রতিষ্ঠানগুলিকে শক্তিশালী করে তুলবে। | | | **উচ্চ মধ্যম** | |
| **ফলাফল 3:** 2022 সালের মধ্যে, জর্ডানের পোষাক খাতে নীতিমালা সংশোধনের জন্য টেকসই কার্য-পদ্ধতি গড়ে তোলার কাজটি করা হয়ে যাবে। | | **মধ্যম** | | |

### উপাদান সমূহ বা চর্চা সমূহ যেগুলির টিকে থাকবার সম্ভাবনা আছে

| | নিম্ন | মধ্যম | উচ্চ মধ্যম | উচ্চ |
|---|---|---|---|---|
| **1.** শ্রম মন্ত্রণালয় (MOL) এবং সামাজিক নিরাপত্তা সংস্থা (SSC) থেকে আসা পরিদর্শকদের জন্য অন- দ্যা-যব বা কাজের-মধ্য দিয়ে প্রশিক্ষণ কার্যক্রম (LTO 2 সম্পর্কিত চর্চা) | | | | **উচ্চ** |
| **2.** আস্থা গড়ে তোলাঃ কর্ম ক্ষেত্রের পরিবেশ উন্নত করার জন্য ক্রেতা, মালিক, কর্মচারীদের প্রতিনিধি এবং সরকার, সকলকে একত্র করে নিয়মিতভাবে বসা এবং একটি সম্মিলিত কর্মোদ্যোগ গড়ে তোলা। (LTO 2 & 3 সম্পর্কিত চর্চা) | | | **উচ্চ মধ্যম** | |
| **3.** সম্মিলিত দর-কষাকষি চুক্তি (CBA) প্রবর্তন (LTO 3 সম্পর্কিত চর্চা) | | **মধ্যম** | | |

## কোভিড ১৯'এর জন্য সাড়া

কোভিড -১৯ মহামারির প্রাদুর্ভাব ২০২০ সালে BWJ পৌঁছাতে পারে এরকম কারখানাগুলির সংখ্যা সীমিত করে দেয়। যাইহোক, বেশ কয়েকটি প্রকল্প কার্যক্রম কার্যত পরিচালিত হয়েছিল, তারা স্বশরীরে উপস্থিত না থেকেও ভার্চুয়ালি তাদের কর্মকান্ড চালিয়ে গেছে। BWJ কারখানাগুলিতে স্বাস্থ্য ব্যবস্থা গ্রহণের পাশাপাশি মহামারীর প্রতি তাদের প্রতিক্রিয়া উন্নত করার জন্য একটি গতি বর্ধক হিসাবে কাজ করেছে(যেমন; কারখানার দেওয়া পিসিআর পরীক্ষা, ডিজিটাল পেমেন্টের প্রবর্তণ, বিদেশী শ্রমিকদের প্রত্যাবাসন)।

### প্রতিশ্রুতিশীল অনুশীলনগুলি

- আন্তর্জাতিক শ্রম মানদন্ড মেনে চলাকে সুনিশ্চিত করতে ক্রেতা-কেন্দ্রীক মডেলগুলি কার্যকর ভূমিকা পালন করে।
- প্রাসঙ্গিক বিষয়গুলিকে ঘিরে ব্যবস্থাপনা ও কর্মীদেরকে একত্র করতে প্রকল্প পরামর্শদানকারী কমিটিগুলি সাহায্য করে।
- অভিজ্ঞতা বা ঘাটতি পূরণে কোনো কর্মী'কে অন্য কর্মস্থলে কাজ করতে পাঠানো'র প্রকল্পটিকে সম্প্রসারণ করতে প্রাসঙ্গিক মন্ত্রণালয় (যেমন SSC) থেকে পরিদর্শকদের অন্তর্ভুক্তি আন্তর্জাতিক শ্রম মানদন্ডের প্রতি সচেতনতা এবং বিশ্বস্ততা বাড়াতে সাহায্য করেছে।
- জর্ডানের প্রধান কারিগরি উপদেষ্টার উপস্থিতি এবং BWJ কর্মীদের কাজ চলমান থাকা অংশগ্রহণকারীদের মধ্যে বিশ্বাস গড়ে তোলার জন্য, নিয়োগকর্তাদের কাছ থেকে আরও স্বচ্ছতা, অলঙ্ঘনীয় বিষয়গুলির সমাধান এবং বিভিন্ন স্টেকহোল্ডারদেরকে জড়িত করার জন্য গুরুত্বপূর্ণ ছিল।

### যা শেখা হ'লো

- এর প্রাসঙ্গিকতা এবং কার্যকারিতা বাড়াতে, এই মডেলটিকে পোষাক খাতের অন্যান্য কারখানাগুলিকে অন্তর্ভুক্ত করে রাখবার জন্য এগুলির সাথে সমন্বয় করে খাপ খাইয়ে নেয়ার প্রয়োজন হয় (যেমন, অ-রপ্তানীযোগ্য কারখানাগুলির)
- টিকে থাকার এবং অগ্রসর হবার জন্য সঠিক পরিকল্পনার অভাবে দীর্ঘকালীন প্রকল্পগুলিতে নির্ভরশীলতা সৃষ্টি হবার ঝুঁকি থাকে

| সুপারিশ সমূহ | ইউ.এস.ডি.ও.এল | বি.ডব্লিউ.জে | আই.এল.ও | জি.ও.জে/ এম.ও.এল |
|---|---|---|---|---|
| **১। কার্যক্রমের প্রাসঙ্গিকতা বাড়ানোঃ** পোষাক খাতের অ-রপ্তানীযোগ্য কারখানাগুলিতে BWJ'র মনোযোগ বাড়াতে হবে। | ● | ● | ● | ● |
| **২। ট্রেড ইউনিয়নগুলির (TU) প্রয়োজনীয়তা এবং অগ্রগণ্যতাগুলির জন্য সক্ষমতা গড়ে তোলার প্রচেষ্টাগুলির প্রাসঙ্গিকতাকে সম্পৃক্ত করতে হবে।** পর্যাপ্ত প্রশিক্ষণ সুনিশ্চিত করার জন্য কানাডা'র অর্থায়নে গড়ে তোলা প্রকল্পের ফলাফলের উপর ভিত্তি করে গড়ে তুলতে হবে। | | ● | | |
| **৩। কারখানার শীর্ষ ব্যবস্থাপনার কাজগুলি যাতে প্রশিক্ষিত মধ্যম স্তরের ব্যবস্থাপকদের মত একই ধরণের হয় তা সুনিশ্চিত করতে হবেঃ** কারখানার শীর্ষ ব্যবস্থাপকদেরকে প্রশিক্ষণ প্রদান করতে হবে। | | ● | | |
| **৪। কর্মীদের দর কষা-কষি করার সক্ষমতাকে জোরদার করতে হবেঃ** সম্মিলিতভাবে দর কষা-কষি করার অধিকারটি উৎসাহিত করার জন্য কর্ম দক্ষতা উন্নয়নের পরামর্শদানকারী কমিটিগুলিকে (PICC) এবং TU'কে ক্ষমতায়ন করার একটি কৌশল গড়ে তুলতে হবে। | ● | ● | | |
| **৫। PICC'র কর্মতৎপরতা জোরদার করাঃ** সেইসব কাজকর্ম গড়ে তোলা যার লক্ষ হবে সংশ্লিষ্টতা, তথা মেলা-মেশার উন্মুক্ততা ও মানব-মানবী'র লিঙ্গগত সমযোগ্যতা'র প্রবর্তন করা এবং কর্মীদের পরিধিগুলির সক্ষমতাকে গড়ে তোলা | | ● | ● | ● |
| **৬। TU'কে ক্ষমতায়ন করতে কাজ করে এরকম নীতিমালাগুলির সংস্কার করাঃ** TU'কে একটি সক্রিয় ভূমিকায় সক্রিয় করা এবং উন্মুক্ত সমিতি বা মেলা-মেশা করায় উৎসাহিত করতে TU ও সরকারের সাথে কাজ করা (ট্রেড ইউনিয়নগুলিকে উদ্দেশ্য ক'রে বলা হয়েছে) | ● | ● | ● | |
| **৭। BWJ'র যৌক্তিক কাঠামো'র পর্যালোচনাঃ** BWJ এর বিদ্যমান পরিমাণগত সুচক ছাড়াও পরিবর্তন এবং কি প্রভাব পড়ছে তা পর্যবেক্ষণ করার জন্য গুন সম্পন্ন নির্দেশকগুলি গড়ে তোলা | ● | ● | ● | |
| **৮। BWJ'র তহবিল প্রদানের কার্য-পদ্ধতীগুলি পর্যালোচনা করাঃ** বছর বছর তহবিল বরাদ্দের বদলে, একাধিক বছর ধরে চলা প্রকল্পগত কার্যকলাপগুলির জন্য তহবিল সমূহের প্রাপ্যতা এবং একইভাবে বিনিয়োগ সুনিশ্চিত করা | ● | ● | | |
| **৯। নীতিমালা পরিবর্তনের উপর দৃষ্টি নিবদ্ধ করাঃ** নীতিমালা সম্পর্কিত কার্যকলাপগুলির জন্য সম্পদগুলিকে পুনঃবরাদ্দ করতে হবে যেমন TU'এর ভূমিকা বৃদ্ধি এবং সমিতির স্বাধীনতা প্রচার করা | | ● | | ● |
| **১০। টিকে থাকা সুনিশ্চিত করার জন্য BWJ প্রক্রিয়ার শিক্ষণীয় বিষয়গুলি থেকে শিক্ষা নিনঃ** PAC ও CBA সম্পর্কিত পদ্ধতিগুলি ও অগ্রসর হওয়ার পদ্ধতিগুলি পর্যালোচনা করুন, এবং এগুলিকে প্রাতিষ্ঠানিক রূপ দিন | | ● | | ● |
| **১১। MOL'এ বা মিনিষ্ট্রি অফ লেবার'এ BW ইউনিট তথা বেটার ওয়ার্ক ইউনিটটিকে সক্রিয় করুনঃ** নিশ্চিত করতে হবে যে স্বতন্ত্রভাবে কাজ করার জন্য এটার পর্যাপ্ত সম্পদ ও সক্ষমতা আছে। | | ● | | ● |
| **১২। ক্রমান্বয়ে ব্যবস্থাপনাকারী নিয়োগদাতা-ক্রেতার সম্পর্কের ভূমিকাটি থেকে BWJ'কে সরিয়ে আনতে হবেঃ** নিয়োগদাতাদের সমিতির সক্ষমতা বৃদ্ধি করতে হবে যাতে তারা ক্রেতাদের সাথে প্রকল্প সম্পর্কিত বিষয়গুলিতে সরাসরিভাবে সম্পৃক্ত হতে পারে; এই কর্মকান্ড পরিসম্পদের প্রভাবের বিষয়টি'ও বিবেচনা করতে হবে। (নিয়োগদাতাদের সমিতিকেও সম্বোধন করা হয়েছিল) | ● | ● | | |
| **১৩। মালিক সমিতিগুলির ভূমিকাকে জোরদার করা এবং নূতন উদ্যোগগুলির মাধ্যমে টিকে থাকার শক্তি বৃদ্ধি করাঃ** ক্রেতাদের সাথে মিলে একটি প্রকল্প গড়ে তোলা হবে, যার মাধ্যমে বড় কারখানাগুলি ছোট কারখানাগুলিকে (যেগুলি নিয়মনীতিগুলি মেনে চলে না) ILS'র অঙ্গীকার পোক্ত করার জন্য এবং বিশ্বস্ততা বৃদ্ধি করার জন্য শিক্ষা দিবে, এবং প্রশিক্ষণ দিবে (ক্রেতাদেরকে উদ্দেশ্য করেও বলা হয়েছে) | ● | ● | ● | |

